

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/৪৯০১/২৭২

তারিখ : ০৫-০৭-২০২২ খ্রি.

বিষয় : স্থায়ী স্বীকৃতি সংরক্ষণ প্রসঙ্গে

সূত্র : প্রধান শিক্ষকের ২৫-১১-২০১৯ খ্রি. তারিখের অনলাইন আবেদন। (আইডি নং-২০৭১০)

কর্তৃপক্ষের নির্দেশক্রমে উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে ০১-০১-২০১৭ খ্রি. তারিখ হতে ৩১-১২-২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদের জন্য স্থায়ী স্বীকৃতি সংরক্ষণ করা হলো। উল্লেখ্য, স্থায়ী স্বীকৃতি সংরক্ষণের সময়সীমা অতিক্রান্ত হওয়ার পূর্বেই স্থায়ী স্বীকৃতি সংরক্ষণের ফিসসহ প্রস্তাব এ বোর্ডে অনলাইনে দাখিল করতে হবে অন্যথায় বিদ্যালয়ের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

আরোপিত শর্তসমূহ :

- ১। অনুমতি/অনুমোদনহীন কোন শাখা থাকলে অবিলম্বে তা যথাবিধি অনুমতি/অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ২। পাবলিক পরীক্ষার ফলাফলের গুণগত ও সংখ্যাগতভাবে বৃদ্ধি করতে হবে অন্যথায় পরবর্তীতে স্থায়ী স্বীকৃতি সংরক্ষণ বিবেচনা নাও করা হতে পারে।
- ৩। শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি আরও বৃদ্ধি করতে হবে।
- ৪। সহপাঠ্যক্রম জোরদার করতে হবে।
- ৫। পাঠ্যক্রম অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে।
- ৬। বিদ্যালয় অঙ্গণে ফলবান, বনজ এবং ওষধি বৃক্ষ রোপণ করে উহা রক্ষণাবেক্ষণ করতে হবে।
- ৭। প্রতিষ্ঠানের নিজস্ব কম্পিউটার ল্যাব/ইন্টারনেট ব্যবহার উপযোগী কম্পিউটার থাকতে হবে এবং প্রত্যেক শিক্ষকের ই-মেইল আইডি কোডকে অবহিত করতে হবে।
- ৮। বার্ষিক ম্যাগাজিন/দেয়াল পত্রিকা প্রকাশ করতে হবে।
- ৯। ভর্তি, নিবন্ধন বা পরীক্ষা সংক্রান্ত কার্যক্রমসহ সর্বক্ষেত্রে বোর্ড অথবা সরকার কর্তৃক নির্ধারিত ফিসের অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না।
- ১০। ছাত্রদের ছাউট এবং ছাত্রীদের জন্য গার্লস গাইড কার্যক্রম চালু করতে হবে।
- ১১। লাইব্রেরি ব্যবস্থাপনা সফটওয়্যারে নিজ নিজ প্রতিষ্ঠানের গ্রন্থাগারের বইয়ের তথ্য আপলোড করতে হবে।
- ১২। কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ডে শিক্ষক-কর্মচারীবৃন্দ বিধিমোতাবেক নির্ধারিত হারে চাঁদা কর্তন করবেন এবং বিদ্যালয় কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীর হিসাবে সমপরিমাণ চাঁদা প্রদান করবেন।
- ১৩। বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহের প্রতিটির ন্যূনতম তিন কপি সংগ্রহ এবং অনুসরণ করতে হবে।
- ১৪। লাইব্রেরি ব্যবস্থাপনা গতিশীল করতে হবে। পৃথক পাঠকক্ষ প্রয়োজনীয় আসবাবপত্র দ্বারা সজ্জিত করতে হবে এবং বইয়ের সংখ্যা কমপক্ষে ২০০০ খানায় উন্নীত করতে হবে।
- ১৫। বিদ্যালয়ের প্যাডে বিদ্যালয়ের ওয়েবসাইট উল্লেখ করতে হবে।

প্রধান শিক্ষক

কুমিরা বহুমুখী মাধ্যমিক বিদ্যালয় (১১৯০০৭)

ডাকঘর : কুমিরা, উপজেলা : তালা, জেলা : সাতক্ষীরা

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন: ০২৪৭৭৭৬২৭০৫

তারিখ : ০৫-০৭-২০২২ খ্রি.

স্মারক নং-বিঅ-৬/৪৯০১/২৭২(১-৭)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ২। উপ-পরিচালক (মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তালা, সাতক্ষীরা।
- ৭। সংরক্ষণ নথি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর

০৫/০৭/২২